



কোটাধারী প্রার্থীদের সম্পর্কিত বিজ্ঞপ্তি

- (ক) মুক্তিযোদ্ধা কোটার জন্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক স্বাক্ষরিত স্বীকৃত মুক্তিযোদ্ধার মূল সনদ ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি জমা দিতে হবে। এছাড়াও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে মুক্তিযোদ্ধার সনদ ডাউনলোড করে প্রিন্ট কপি সাথে আনতে হবে।
- (খ) মুক্তিযোদ্ধার নাতি/নাতনিদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার অমুক পুত্র/কন্যার সন্তান এ বিষয়ে সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক সনদের মূল কপি জমা দিতে হবে।
- (গ) উপজাতি/আদিবাসী কোটার জন্য জেলা পরিষদ চেয়ারম্যান/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে।
- (ঘ) পোষ্য কোটার ক্ষেত্রে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে। উল্লেখ্য যে, পোষ্য বলতে শুধুমাত্র হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্থায়ীভাবে চাকুরীরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানদেরকেই বুঝাবে।
- (ঙ) বিকেএসপি কোটার ক্ষেত্রে প্রতিষ্ঠান (বিকেএসপি) প্রধান কর্তৃক প্রদত্ত সনদের মূল কপি জমা দিতে হবে।
- (চ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের মূলকপি এবং এ বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার কর্তৃক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের আদেশক্রমে-

 ২৫/০৫/২০২৩

প্রফেসর ড. মো. সাইফুর রহমান
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
হাবিপ্রবি, দিনাজপুর-৫২০০